

দৈনিক পূর্বকোণ

১৩তম বর্ষ ১৭৮তম সংখ্যা ।। চট্টগ্রাম বুধবার ২৮ শ্রাবণ ১৪১৬ বঙ্গাব্দ ।। ২০ শাবান ১৪৩০ হিজরি ।। Wednesday 12 August 2009



ভাসা ফাউন্ডেশনের টিএসডি প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন প্রকৌশলী প্রিয়তোষ নন্দী

ভাসা ফাউন্ডেশনের টিএসডি প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন

বেসরকারী ও স্বৈচ্ছাসেবী উন্নয়ন সংস্থা ভাসা ফাউন্ডেশনের অর্থায়নে ও পরিচালনায় গত ২ আগস্ট পাহাড়তলী থানার সরাইপাড়া গণি সওদাগর বাড়িতে টিএসডি প্রকল্পের আওতায় গার্মেন্টস, সেলাই, ব্লক, বাটিক ও এমব্রয়ডারি প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করা হয়। এতে প্রধান অতিথিও উদ্বোধক ছিলেন ভাসা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক পরিমল কান্তি পাল। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রাজু চৌধুরী, প্রকৌশলী প্রিয়তোষ নন্দী, মো. মানিক, মো. মামুন, শাহীন আক্তার, পারভীন বেগম, ফারজানা সুলতানা, কোহিনুর আক্তার, হোসনে আরা, খাদিজা বেগম প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, প্রশিক্ষণই হচ্ছে উপার্জনের মূল হাতিয়ার। অর্থনৈতিক সচ্ছলতার জন্য স্বামী-স্ত্রী উভয়েই উপার্জনের পথে পা বাড়াতে হয়। তাই আজকের এই কঠিন প্রতিযোগিতার যুগে টিকে থাকতে হলে দক্ষতা বৃদ্ধির কোন বিকল্প নেই। উদ্বোধনী অনুষ্ঠান শেষে প্রশিক্ষার্থীদের মাঝে প্রয়োজনীয় যন্ত্রপাতি প্রদান করা হয়।